রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ই মে ২০০২/২২শে বৈশাখ ১৪০৯

**এস,আর,ও নং ৮৫-আইন/২০০২।**—যেহেতু সরকার বরিশাল জেলার অধীন গৈলা মিউনিসিপ্যালিটি বাতিল করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ বাতিলের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য বরিশাল জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি বাতিলের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত গৈলা মিউনিসিপ্যালিটি বাতিল করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a) এবং উক্ত Rules এর rule 5, General Clauses Act, 1897 (X of 1897) এর section 21 এর সহিত পঠিতব্য, বিধান মোতাবেক সরকার উক্ত "গৈলা মিউনিসিপ্যালিটি" (পৌর এলাকা) ঘোষণা সংক্রান্ত ১৬ই ফাল্গুন, ১৪০৭ মোতাবেক ২৮শে ফেব্রুয়ারী, ২০০১ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৫৫ আইন/২০০১, এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রুহুল আমিন সরকার**
উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ১.০০